সমকাল

তারিখ ... 15 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

# 'শিশুদের চাপ বাড়ানোর কোনো প্রয়োজন নেই'

**চলতি বছর থেকেই প্রাথমিক সমাপনী পরীক্ষা উঠিয়ে দিতে বললেন শিক্ষাবিদরা**

সমকাল প্রতিবেদক

প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণি পর্যন্ত করায় চলতি বছর থেকেই পঞ্চম শ্রেণি শেষে প্রাথমিক সমাপনী পরীক্ষা উঠিয়ে দেওয়ার পরামর্শ দিয়েছেন শিক্ষাবিদরা। গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সিনেট ভবনে এক সেমিনারে তারা এ পরামর্শ দেন। 'অষ্টম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষা এবং বাস্তবতা' শীর্ষক এই সেমিনারের আয়োজন করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও বেসরকারি সংস্থা জার্নি।

সেমিনারে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেন, 'আমরাও একটি পরীক্ষারই সুপারিশ করেছি। তবে পঞ্চম শ্রেণি শেষে প্রাথমিক সমাপনী পরীক্ষার সিদ্ধান্ত মন্ত্রিসভার বৈঠকে নেওয়া হয়েছিল। তাই চলতি বছর থেকে তা উঠিয়ে দিতে হলে মন্ত্রিসভায় সিদ্ধান্ত নিতে হবে।'

বুয়েটের অধ্যাপক ম. তামিম বলেন, 'পঞ্চম শ্রেণি শেষে সমাপনী চলতি বছর

পৃষ্ঠা ১৩ : কলাম ৫

## শিশুদের চাপ

[তৃতীয় পৃষ্ঠার পর]

থেকেই বন্ধ করা উচিত। এটা উঠিয়ে দিলে মহাভারত অশুদ্ধ হবে না। আর জাতীয়ভাবে এ পরীক্ষা নিয়ে শিশুদের চাপ বাড়ানোরও কোনো প্রয়োজন নেই।'

ঢাবি কলা অনুষদের ডিন অধ্যাপক মো. আখতারুজ্জামান বলেন, 'অষ্টম শ্রেণি পর্যন্ত যেহেতু প্রাথমিক শিক্ষা হয়ে গেছে, তাই পঞ্চম শ্রেণি শেষে এ পরীক্ষা নেওয়ার কোনো যুক্তি নেই। অষ্টম শ্রেণি শেষে একবারই এ পরীক্ষা নেওয়া উচিত।'

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. আলমগীরের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক সিদ্দিকুর রহমান। বক্তব্য রাখেন সাবেক শিক্ষা সচিব নজরুল ইসলাম খান, প্রাথমিক ও গণশিক্ষা সচিব হুমায়ুন খালিদ, এনসিটিবি চেয়ারম্যান অধ্যাপক নারায়ণ চন্দ্র সাহা প্রমুখ।

সেমিনারে বক্তারা বলেন, বর্তমানে দেশে প্রায় ৬৩ হাজার প্রাথমিক বিদ্যালয় আছে। সবগুলোতে অষ্টম শ্রেণি চালু করতে হবে, এমন নয়। স্কুলের সার্বিক অবস্থা বিবেচনায় এনে কিছু কিছু বিদ্যালয়ে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষা চালু হবে।

ক্লাসে ছাত্রছাত্রীর সংকুলান, একাডেমিক ও কারিকুলাম দিকের উন্নতি, শিক্ষকদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। বক্তারা বলেন, বর্তমান সময়ে প্রধান শিক্ষকের অনুপস্থিতিতেই বেশিরভাগ স্কুল পরিচালিত হচ্ছে। প্রধান শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সহকারী শিক্ষকদের অগ্রাধিকার দিতে হবে। নতুন কাউকে এ পদে আসীন করা যাবে না।